



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার



স্মারক নং- পসব্য/প্রকা/আইটি-২০/২০২২-২৩/৯১৪৫

তারিখঃ ১৯/১২/২০২২ খ্রি.

প্রতি,

শাখা ব্যবস্থাপক

সরাইল শাখা, ব্রাহ্মণবাড়িয়া; কালীগঞ্জ শাখা, সাতক্ষীরা ও পাকুন্দিয়া শাখা, কিশোরগঞ্জ
পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়ঃ ব্যাংকের সমিতির সদস্যদের NID Verification পদ্ধতি শাখা পর্যায়ে পাইলটিং করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পল্লী সঞ্চয় ব্যাংকের প্রায় ৫৪ লক্ষ গ্রাহকের তথ্যাদি জাতীয় পরিচয় পত্রের সাথে ভেরিফিকেশন করার জন্য ইতোমধ্যে বাংলাদেশ নির্বাচন কমিশনের সাথে সংযোগ স্থাপন করা হয়েছে। নির্বাচন কমিশন প্রদত্ত Application Programming Interface (API) ব্যবহার করে ব্যাংকের সিবিএস এর তথ্যের সাথে গ্রাহকদের জাতীয় পরিচয় পত্রের তথ্য ভেরিফিকেশনের জন্য ইতোমধ্যে সিস্টেম Develop সম্পন্ন হয়েছে। উক্ত সিস্টেমটি সরাইল শাখা, ব্রাহ্মণবাড়িয়া; কালীগঞ্জ শাখা, সাতক্ষীরা ও পাকুন্দিয়া শাখা, কিশোরগঞ্জে পাইলটিং আকারে চালু করা হবে। নিম্নে উক্ত বিষয়ে শাখার করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করা হলোঃ

১. ব্যাংকের মাইক্রোফাইন্যান্স মডিউলে সমিতির সদস্যদের তথ্যাদি ভুল থাকলে জরুরী ভিত্তিতে তা আপডেট করতে হবে;
২. সিবিএস-এ কাস্টমারের তথ্য আপডেট করতে হবে এবং কাস্টমারের সাথে সমিতির মেম্বার কোড লিংক করা না থাকলে অবশ্যই লিংক করতে হবে (এক্ষেত্রে, পত্র নং- পসব্য/প্রকা/আইটি-২০/২০২২-২৩/৮৬৭৬, তারিখঃ ১২/১২/ ২০২২ খ্রি. অনুসরণ করা যেতে পারে);
৩. কম্পিউটার অপারেটর/ক্যাশ সহকারীগণ ব্যাংকের সিবিএস-এ লগইন করে Customer মেনুর অধীনে NID Verification Request পেইজে Customer No, Date of Birth, National ID No ইনপুট করতে হবে। উক্ত পেজের বাম পাশের CBS Customer Information এর সাথে ডান পাশের Election Commission Information প্রদত্ত তথ্যাদি মিল থাকা সাপেক্ষে Submit for Approval বাটনে ক্লিক করবেন। শাখা ব্যবস্থাপকগণ তাঁর আইডি দিয়ে সিবিএস-এ লগইন করে Customer মেনুর অধীনে NID Verification Approve পেইজের মাধ্যমে গ্রাহকের তথ্যাদি দেখে মিল থাকা সাপেক্ষে Approve বাটনে ক্লিক করবেন;
৪. বাংলাদেশ নির্বাচন কমিশনের সাথে চুক্তি অনুযায়ী প্রতিবার NID যাচাইয়ের জন্য যেহেতু মোট ২.৩০/- (দুই টাকা ত্রিশ পয়সা) চার্জ প্রযোজ্য, সে কারণে গ্রাহকের তথ্য ভালভাবে যাচাই করে উক্ত কাজ সম্পাদন করতে হবে।

সংশ্লিষ্ট শাখার সকল কর্মকর্তা-কর্মচারীকে উপরোক্ত নির্দেশনা মোতাবেক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো এবং কোন সমস্যার সম্মুখীন হলে ব্যাংকের হেল্পলাইন নাম্বারে (১৬৬৫৪) যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

Shahor
১২. ১২. ২০২২

(মোঃ শাহরিয়ার রাসেল)
ডাটাবেজ অ্যাডমিনিস্ট্রেটর

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. উপজেলা নির্বাহী অফিসার, সরাইল উপজেলা, ব্রাহ্মণবাড়িয়া; কালীগঞ্জ উপজেলা, সাতক্ষীরা ও পাকুন্দিয়া উপজেলা, কিশোরগঞ্জ।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৪. সহকারী প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া, সাতক্ষীরা ও কিশোরগঞ্জ।
৬. বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক।
৭. সংশ্লিষ্ট নথি।